



দীর্ঘ প্রতীক্ষার পর গণ বিশ্ববিদ্যালয়ে চালু হচ্ছে বাস সার্ভিস



সংগৃহীত ছবি

দীর্ঘদিনের দাবির প্রেক্ষিতে অবশেষে গণ বিশ্ববিদ্যালয়ের (গবি) শিক্ষার্থীদের জন্য পরিবহন ব্যবস্থা চালু হচ্ছে। আগামী ১৫ সেপ্টেম্বর থেকে চন্দ্রা (গাজীপুর) ও মানিকগঞ্জ রুটে শিক্ষার্থীদের জন্য বাস সার্ভিস চালু করবে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

মঙ্গলবার (২ সেপ্টেম্বর) বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মো. অহিদুজ্জামান স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, শিক্ষার্থীদের একাডেমিক কার্যক্রমে নিয়মিত উপস্থিতি নিশ্চিত করা এবং যাতায়াতের দুর্ভোগ কমাতে এ উদ্যোগ নেওয়া হয়েছে। প্রাথমিকভাবে দুটি রুটে সার্ভিস চালু হলেও ভবিষ্যতে ঢাকা রুটেও পরিবহন ব্যবস্থা চালুর পরিকল্পনা রয়েছে।

পরিবহন ব্যবস্থার সার্বিক বিষয় দেখভাল করবে বিশ্ববিদ্যালয়ের পরিবহন শাখা। আগ্রহী শিক্ষার্থীদের আগামী ৭ সেপ্টেম্বরের মধ্যে প্রশাসনিক ভবনের পরিবহন শাখায় প্রয়োজনীয় তথ্য জমা দিতে বলা হয়েছে।

দীর্ঘদিন ধরেই শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয় প্রশাসনের কাছে পরিবহন সুবিধা চালুর দাবি জানিয়ে আসছিলেন। বিশেষ করে দূরবর্তী এলাকা থেকে প্রতিদিন যাতায়াতের কারণে তারা নানা ভোগান্তির শিকার হতেন।

ফলিত গণিত বিভাগের শিক্ষার্থী ওয়াসিম বলেন, “অবশেষে আমাদের দাবি পূরণ হলো। দূর-দূরান্ত থেকে আসা শিক্ষার্থীদের কষ্ট অনেকটাই কমবে। যদিও দেরিতে এসেছে, তারপরও প্রশাসনের এ উদ্যোগকে আমরা সাধুবাদ জানাই।”

বায়োকেমিস্ট্রি অ্যান্ড মলিকিউলার বায়োলজি বিভাগের শিক্ষার্থী শামীমা আক্তার বলেন, “আমরা অনেকদিন ধরেই এ সুবিধা চাইছিলাম। অবশেষে প্রশাসন আমাদের কষ্টস্বর শুনেছে। এজন্য কৃতজ্ঞ।”

বিজ্ঞপ্তিতে আরও জানানো হয়েছে, পরিবহন ব্যবহারের নিয়মাবলি ও ভাড়ার পরিমাণ বিশ্ববিদ্যালয়ের পরিবহন শাখা থেকে জানা যাবে।